গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার বিভাগ
জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি)
প্রকাশনা শাখা
২৯, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।

স্মারক নং- ৪৬.১৮.০০০০.০০৩.০২.০০৪.১৮- ২২

তারিখ: ১৪ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
২৯ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

## বিজ্ঞপ্তি

**এনআইএলজি'র জার্নালে প্রকাশের জন্য গবেষণাধর্মী লেখা (Article) আহবান।**

জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি) কর্তৃক The Journal of Local Government শিরোনামে প্রতি ছয় মাস অন্তর একটি জার্নাল প্রকাশিত হয়। উক্ত জার্নালের পরবর্তী সংখ্যা প্রকাশের জন্য লেখা আহবান করা হলো। প্রবন্ধ বাংলাদেশের স্থানীয় সরকার ব্যবস্থা, স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের সমস্যা ও সম্ভাবনা, স্থানীয় সরকার ব্যবস্থায় নাগরিকের অংশগ্রহণ,স্থানীয় সম্পদ আহরণ, তুলনামূলক স্থানীয় সরকার ব্যবস্থা প্রভৃতি সম্পর্কিত গবেষণামূলক হতে হবে। প্রবন্ধের কাঠামো নিম্নরূপ হবে:

১। সারাংশ (Abstract);
২। ভূমিকা (Introduction);
৩। সমস্যার বিবরণী (Problem Statement);
৪। তাৎপর্য (Significance);
৫। উদ্দেশ্য (Objectives);
৬। সীমাবদ্ধতা (Limitations) (যদি থাকে);
৭। গবেষণা পদ্ধতি (Research Methodology);
৮। উপাত্ত বিশ্লেষণ ও ফলাফল (Data Analysis and Findings);
৯। আলোচনা (Discussion);
১০। সুপারিশ (Recommendation);
১১। উপসংহার (Conclusion);
১২। রেফারেন্স (Reference-APA)।

প্রবন্ধটি ৪৫০০ শব্দের মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে। প্রবন্ধ বাংলা অথবা ইংরেজী যে কোন একটি ভাষায় হতে হবে। প্রকাশিত প্রবন্ধের লেখক/লেখকগণ প্রতিষ্ঠান কর্তৃক প্রদেয় সম্মানী প্রাপ্য হবেন। এনআইএলজি-এর সম্পাদকীয় নীতিমালার (ওয়েবসাইট www.nilg.gov.bd এ প্রদর্শিত) আলোকে নির্বাচিত প্রবন্ধ জার্নালে প্রকাশ করা হবে। এক্ষেত্রে অনির্বাচিত প্রবন্ধ ফেরত দেয়া হবে এবং সম্পাদকীয় বোর্ডের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। প্রবন্ধটি অন্য কোন জার্নালে প্রকাশ করা হয়নি মর্মে ঘোষণা প্রদান করতে হবে এবং মেধাস্বত্ব নিয়ে কোন ধরনের আপত্তি উত্থাপিত হলে, এর জন্য লেখক দায়ী থাকবেন। প্রবন্ধ নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে আগামী ৩০ সেপ্টেম্বর, ২০২৬ তারিখের মধ্যে ই-মেইল বা সরাসরি প্রেরণ করতে হবে।

29.07.2026
মোহাম্মদ আবু নাসের বেগ
যুগ্মপরিচালক (উপসচিব)
(গবেষণাও পরিকল্পনা)
ফোন: ০২-৫৫০০৬৯৮৩
ই-মেইল: researchdivision1969@gmail.com

স্মারক নম্বর: জি-২৬৬/ সা. প্রশা./২০২৬/৯১৭২

তারিখ: ১৬.৮.২০২৬ খ্রি.

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে অনুলিপি প্রেরিত হলো :**

১। ডিন, সকল অনুষদ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়(স্ব স্ব বিভাগ/ইনস্টিটিউটের সকল শিক্ষক/গবেষক ও শিক্ষার্থীর অবগতির লক্ষ্যে সংযুক্ত বিজ্ঞপ্তিখানা দৃশ্যমান স্থানে প্রদর্শন ও বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো)।
২। পরিচালক, আইসিটি সেল, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (সংযুক্ত বিজ্ঞপ্তিখানা চ.বি. ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো)।
৩। ডেপুটি রেজিস্ট্রার, উপাচার্য দপ্তর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
৪। ডেপুটি রেজিস্ট্রার, উপ-উপাচার্য (প্রশাসন) এর দপ্তর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
৫। সহকারী রেজিস্ট্রার, উপ-উপাচার্য (একাডেমিক) এর দপ্তর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

16.8.2026

(মোহাম্মদ আল রিজোয়ানুল ইসলাম)
ডেপুটি রেজিস্ট্রার
জেনারেল শাখা, রেজিস্ট্রার অফিস, চ.বি.।